গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
আইন -১
www.lgd.gov.bd

স্মারক নম্বর: ৪৬.০০.০০০০.০২০.২৭.৩২২.২২.২৩৬ তারিখ: ৫ চৈত্র ১৪৩০
১৯ মার্চ ২০২৪

বিষয়: **কুমিল্লা জেলা পরিষদের ০১নং ওয়ার্ডের সদস্য (সাময়িক বরখাস্তকৃত) জনাব মো: কাইয়ুম হোসাইন-এর সাময়িক বরখাস্তের আদেশ প্রত্যাহার করা যাবে কি না সে বিষয়ে আইনগত মতামত প্রদান।**

সূত্র: ৪৬.০০.১৯০০.০৪২.৯৯.৮১.২২-৩০৩, জেলা পরিষদ শাখা, তারিখ-০৫/০৩/২০২৪ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, কুমিল্লা জেলা পরিষদের ০১নং ওয়ার্ডের সদস্য (সাময়িক বরখাস্তকৃত) জনাব মো: কাইয়ুম হোসাইন-এর বিরুদ্ধে মেঘনা থানায় দায়েরকৃত মামলা নং ০৯, তারিখ: ১৯/০৯/২০২৩-এ গ্রেফতার হয়ে জেলা হাজতে থাকায় এ বিভাগের জেলা পরিষদ শাখার গত ১৮/১০/২০২৩ খ্রি. তারিখের ৪৬.০০.১৯০০.০৪২.৯৯.৮১.২২-২০৮১ সংখ্যক স্মারকে সাময়িক বরখাস্ত করা হয়েছে। ফৌ:বি: ৫১৯৫/২০২৩-এ বিজ্ঞ জেলা ও দায়রা জজ আদালত, কুমিল্লা বিগত ১১/১২/২০২৩ খ্রি. হতে উক্ত মামলায় জামিন প্রদান করেন। তৎপ্রেক্ষিতে তার সাময়িক বরখাস্তের আদেশ প্রত্যাহার করার জন্য তিনি এ বিভাগের সচিব মহোদয় বরাবর আবেদন করেন। উক্ত সদস্য-এর সাময়িক বরখাস্তের আদেশ প্রত্যাহার করা যাবে কি না সে বিষয়ে আইনগত মতামত প্রয়োজন।

২। এমতাবস্থায়, কুমিল্লা জেলা পরিষদের ০১নং ওয়ার্ডের সদস্য (সাময়িক বরখাস্তকৃত) জনাব মো: কাইয়ুম হোসাইন-এর সাময়িক বরখাস্তের আদেশ প্রত্যাহার করা যাবে কি না সে বিষয়ে পত্র প্রাপ্তির অনধিক ০৭(সাত) কার্যদিবসের মধ্যে আইনগত মতামত প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে.....পাতা। (8536/potrojariAttachmentRef/53252/0/2240)

২৪-৩-২০২৪
পূরবী গোলদার
সিনিয়র সহকারী সচিব (অতিরিক্ত দায়িত্ব)
ফোন: ০২৫৫১০০৯৯৫
ইমেইল: lglaw1@lgd.gov.bd

জনাব মো. বদরুল ইসলাম, বিজ্ঞ প্যানেল আইনজীবী
স্থানীয় সরকার বিভাগ

স্মারক নম্বর: ৪৬.০০.০০০০.০২০.২৭.৩২২.২২.২৩৬/১(৫) তারিখ: ৫ চৈত্র ১৪৩০
১৯ মার্চ ২০২৪

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) উপসচিব (ভারপ্রাপ্ত), জেলা পরিষদ শাখা, স্থানীয় সরকার বিভাগ
২) সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, স্থানীয় সরকার বিভাগ
৩) প্রোগ্রামার, আইসিটি সেল, স্থানীয় সরকার বিভাগ
৪) ব্যক্তিগত কর্মকর্তা (চলতি দায়িত্ব), অতিরিক্ত সচিবের অনুবিভাগ, স্থানীয় সরকার বিভাগ
৫) ব্যক্তিগত কর্মকর্তা, আইন অধিশাখা, স্থানীয় সরকার বিভাগ

২৪-৩-২০২৪

পূরবী গোলদার

সিনিয়র সহকারী সচিব (অতিরিক্ত দায়িত্ব)